দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 AUG 2015 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# শিশুদের ভারী স্কুল ব্যাগ বহন প্রশ্নে হাইকোর্টের রুল

■ ইত্তেফাক রিপোর্ট

শিশুদের শারীরিক ওজনের ১০ শতাংশের বেশি ওজনের স্কুল ব্যাগ বহন প্রশ্নে রুল জারি করেছে হাইকোর্ট। রুলে শিশুদের ক্ষেত্রে তার নিজ শারীরিক ওজনের ১০ শতাংশের বেশি স্কুল ব্যাগ বহন না করা এবং প্রাক-প্রাথমিক শিশুদের ব্যাগ বহনের ক্ষেত্রে আইন প্রণয়নের কেন নির্দেশ দেয়া হবে না তা জানতে চাওয়া হয়েছে। আগামী দুই সপ্তাহের মধ্যে আইন সচিব, শিক্ষা সচিব, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ও জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যানকে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। এক রিট আবেদনের শুনানি নিয়ে বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মো. আশরাফুল কামালের ডিভিশন বেঞ্চ গতকাল মঙ্গলবার এই আদেশ দেন।

শিশুদের ভারী স্কুল ব্যাগ বহন নিয়ে বিভিন্ন গণমাধ্যমে একাধিক প্রতিবেদন প্রকাশিত হয়। প্রতিবেদনে বলা হয়, ভারী স্কুল ব্যাগ বহন করে পিঠে ব্যথা, সোজা হয়ে দাঁড়াতে না পারার কষ্ট নিয়ে শিশুরা চিকিৎসকদের কাছে আসছে। এদের প্রায় সবাই বলছে, স্কুল ব্যাগের ওজন বেশি। বহন করতে কষ্ট হয়। বাংলা মাধ্যম, ইংরেজি মাধ্যম, সরকারি স্কুল, বেসরকারি স্কুল সব প্রতিষ্ঠানের শিশুর কাছ থেকেই এমন অভিযোগ পাওয়া যাচ্ছে। পৃষ্ঠা ১৯ কলাম ৪

## শিশুদের ভারী স্কুল

প্রথম পৃষ্ঠার পর

প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে হাইকোর্টে গত ৯ আগস্ট রিট আবেদন দায়ের করেন সুপ্রিম কোর্টের আইনজীবী এসএম মাসুদ হোসেন দোলন, মো. জিয়াউল হক ও ?আনোয়ারুল করিম, আবেদনের ওপর শুনানি নিয়ে হাইকোর্ট রুল জারি করে।

পরে মাসুদ হোসেন দোলন সাংবাদিকদের বলেন, ভারতের মহারাষ্ট্র সরকার শিশুদের শারীরিক ওজনের ১০ শতাংশের বেশি ভারী স্কুল ব্যাগ বহনে একটি নির্দেশনা জারি করেছে। আমাদের সরকারও যাতে অনুরূপ আইন করে, এজন্য রিট আবেদন করা হয়েছে।